# ১২তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট (পুলিশ) ১৯৯০-৯১

১. ক্রিয়া পদের মূল অংশকে বলা হয়-
ⓚ বিভক্তি ⓚ ধাতু
ⓖ প্রত্যয় ⓖ কৃৎ

(ক) বিভক্তি (খ) ধাতু
(গ) প্রত্যয় (ঘ) কৃৎ

২. 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়' চরণটি কার রচনা?
(ক) ঈশ্বরচন্দ্র গুপ্ত (খ) মধুসূদন দত্ত
(গ) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় (ঘ) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়

৩. শুদ্ধ বাক্যটি চিহ্নিত করুন—
(ক) বিদ্যান ব্যক্তিগণ দরিদ্রের শিকার হন
(খ) বিদ্যান ব্যক্তিগণ দারিদ্রতার শিকার হন
(গ) বিদ্বান ব্যক্তিগণ দারিদ্র্যের শিকার হন
(ঘ) বিদ্যান ব্যক্তিগণ দরিদ্রতার স্বীকার হন

৪. কোন শব্দে বিদেশী উপসর্গ ব্যবহৃত হয়েছে?
(ক) নিখুঁত (খ) আনমনা
(গ) অবহেলা (ঘ) নিমরাজী

৫. কোন বানানটি শুদ্ধ?
(ক) পাষাণ (খ) পাষান
(গ) পাসান (ঘ) পাশান

৬. বাংলা সাহিত্যের ইতিহাসে প্রাচীনতম মুসলমান কবি—
(ক) শাহ মুহম্মদ সগীর (খ) সাবিরিদ খান
(গ) শেখ ফয়জুল্লাহ (ঘ) মুহাম্মদ কবীর

৭. 'মোদের গরব, মোদের আশা/আ-মরি বাংলা ভাষা' রচিয়তা—
(ক) রামনিধি গুপ্ত (খ) রবীন্দ্রনাথ ঠাকুর
(গ) অতুল প্রসাদ সেন (ঘ) সত্যেন্দ্রনাথ দত্ত

৮. মধুসূদন দত্ত রচিত 'বীরাঙ্গনা'—
(ক) মহাকাব্য (খ) পত্রকাব্য
(গ) গীতিকাব্য (ঘ) আখ্যানকাব্য

৯. রোহিনী কোন উপন্যাসের নায়িকা?
(ক) কৃষ্ণকান্তের উইল (খ) চোখের বালি
(গ) গৃহদাহ (ঘ) পথের পাঁচালী

১০. নিম্নরেখ কোন শব্দে করণ কারকে শূন্য বিভক্তি ব্যবহৃত হয়েছে?
(ক) ঘোড়াকে চাবুক মার (খ) ডাক্তার ডাক
(গ) গাড়ি স্টেশন ছেড়েছে (ঘ) মুষলধারে বৃষ্টি পড়ছে

১১. রূপসী বাংলার কবি—
(ক) জসীমউদ্দীন (খ) জীবনানন্দ দাশ
(গ) কালিদাস রায় (ঘ) সত্যেন্দ্রনাথ দত্ত

১২. বটতলার পুঁথি বলতে বুঝায়—
(ক) মধ্যযুগীয় কাব্যের হস্তলিখিত পাণ্ডুলিপি
(খ) বটতলা নামক স্থানে রচিত কাব্য
(গ) দোভাষী বাংলায় রচিত পুঁথি সাহিত্য
(ঘ) অবিমিশ্র দেশজ বাংলায় রচিত লোকসাহিত্য

১৩. এক কথায় প্রকাশ করুন— 'যা বলা হয়নি'
(ক) অউক্ত (খ) অব্যক্ত
(গ) অনুক্ত (ঘ) অব্যাক্ত

১৪. কবি গান রচয়িতা এবং গায়ক হিসেবে এরা উভয়েই পরিচিত—
(ক) রাম বসু এবং ভোলা ময়রা (খ) এন্টনি ফিরিঙ্গি এবং রামপ্রসাদ রায়
(গ) সাবিরিদ খান এবং দশরথী রায় (ঘ) আলাওল এবং ভারতচন্দ্র

১৫. কোন শব্দে ধাতুর সঙ্গে প্রত্যয় যুক্ত হয়েছে?
(ক) ঠগী (খ) পানাস
(গ) পাঠক (ঘ) সেলামী

১৬. বাগধারা যুগলদের মধ্যে কোন জোড়া সর্বাধিক সমার্থবাচক?
(ক) অমাবস্যার চাঁদ; আকাশ কুসুম (খ) বক ধার্মিক; বিড়াল তপস্বী
(গ) রুই-কাতলা; কেউ কেটা (ঘ) বক ধার্মিক; ভিজে বেড়াল

১৭. বাংলা সাহিত্যের সর্বাধিক সমৃদ্ধ ধারা—
(ক) নাটক (খ) ছোট গল্প
(গ) প্রবন্ধ (ঘ) গীতি কবিতা

১৮. মুসলমান কবি রচিত প্রাচীনতম বাংলা কাব্য—
(ক) ইউসুফ জুলেখা (খ) রসুল বিজয়
(গ) নূরনামা (ঘ) শবে মেরাজ

১৯. বাংলাভাষা এই শব্দ দুটি গ্রহণ করেছে চীনা ভাষা হতে—
(ক) চাকু, চাকর (খ) খদ্দর, হরতাল
(গ) চা, চিনি (ঘ) রিকশা, রেস্তোঁরা

২০. ড. মুহম্মদ শহীদুল্লাহ ছিলেন প্রধানত—
(ক) ভাষাতত্ত্ববিদ (খ) সাহিত্যের ইতিহাস রচয়িতা
(গ) ইসলাম প্রচারক (ঘ) সমাজ সংস্কারক

২১. What is the verb of the word 'Shortly'?
(ক) Short (খ) Shorter
(গ) Shorten (ঘ) Shortness

২২. Choose the correct sentence—
(ক) Let he and you be witnesses
(খ) Let you and him be witnesses
(গ) Let you and he be witnesses
(ঘ) Let you and he be witness

২৩. Choose the correct sentence—
(ক) The matter was informed to the police.
(খ) The matter has been informed of the police.
(গ) The police was informed of the matter
(ঘ) The police were informed of the matter

২৪. Who, Which, What are—
(ক) Demonstrative pronoun (খ) Relative pronoun
(গ) Reflaxive Pronoun (ঘ) Indefinite pronoun

২৫. Choose the correct one—
(ক) Mispel (খ) Misspell
(গ) Mispell (ঘ) Misspel

২৬. Fill in the blanks 'What is the time — your watch?'
(ক) by (খ) in
(গ) at (ঘ) with

**উত্তর**

| | |
|---|---|
| ১ | খ |
| ২ | ঘ |
| ৩ | গ |
| ৪ | ঘ |
| ৫ | ক |
| ৬ | ক |
| ৭ | গ |
| ৮ | খ |
| ৯ | ক |
| ১০ | ক |
| ১১ | খ |
| ১২ | গ |
| ১৩ | গ |
| ১৪ | খ |
| ১৫ | গ |
| ১৬ | খ |
| ১৭ | ঘ |
| ১৮ | ক |
| ১৯ | গ |
| ২০ | ক |
| ২১ | গ |
| ২২ | খ |
| ২৩ | গ |
| ২৪ | খ |
| ২৫ | খ |
| ২৬ | ক |

www.boighar.com

২৭. Fill in the blanks 'Give my—to him.'
ⓚ Warm compliment ⓚ Compliments
ⓖ Best compliment ⓖ Heartiest compliment

২৮. 'Caesar and Cleopatra' is—
ক) a tragedy by Shakespeare খ) a play By G. B. Shaw
গ) a poem by Lord Byron ঘ) a novel by S.T. Coleridge

২৯. Who is the greatest modern English dramatist?
ক) Verginia Woolf খ) George Bernard Shaw
গ) P. B. Shelley ঘ) S. T. Coleridge

৩০. Who is the modern philosopher who was awarded Nobel Prize for literature?
ক) James Baker খ) Dr. Kissinger
গ) Bertrand Russel ঘ) Lenin

৩১. Who is the author of 'A Farewell to Arms'?
ক) T. S. Eliot খ) John Milton
গ) Plato ঘ) Ernest Hemingway

৩২. Who is the most famous satirist in English literature?
ক) Alexander Pope খ) Jonathan Swift
গ) William Wordsworth ঘ) Bulter

৩৩. What is the synonym of- 'Delude'?
ক) Demand খ) Permit
গ) Aggravate ঘ) Deceive

৩৪. What is the noun of the word 'Waste'?
ক) Waste খ) Wasting গ) Wastage ঘ) Wasteful

৩৫. What is the antonym of 'Queer'?
ক) Integrated খ) Orderly
গ) Abnormal ঘ) Odd

৩৬. What is the adjective of the word 'Heart'?
ক) Heart খ) Hearten
গ) Heartening ঘ) Heartful

৩৭. ঢাকা থেকে সরাসরি নোয়াখালী যাওয়ার আন্তঃনগরীয় ট্রেনটির নাম—
ক) এগার সিন্দুর এক্সপ্রেস খ) পারাবত এক্সপ্রেস
গ) উপকূল এক্সপ্রেস ঘ) সৈকত এক্সপ্রেস

৩৮. বাংলাদেশের বৃহত্তম হাওর—
ক) পাথরচাওলি খ) হাইল গ) চলনবিল ঘ) হাকালুকি

৩৯. কিওক্রাডাং-এর উচ্চতা প্রায়—
ক) ১০১০ মিটার খ) ১৫৩০ মিটার
গ) ১২৩২ মিটার ঘ) ১৩৬৪ মিটার
[Note : *টেক্সট বুক বোর্ড প্রকাশিত মাধ্যমিক ভূগোল বইয়ের তথ্য মতে, কিওক্রাডাং-এর উচ্চতা ১২৩০ মিটার বা ৪০৫৩.৪৩ ফুট।*]

৪০. বাংলাদেশে বার্ষিক চা উৎপাদনের পরিমাণ হচ্ছে প্রায়—
ক) ১৪ কোটি পাউন্ড খ) ১৩ কোটি পাউন্ড
গ) ১০.৫ কোটি পাউন্ড ঘ) ৯.৫ কোটি পাউন্ড
[Note : *বর্তমানে বাংলাদেশে চা উৎপাদনের পরিমাণ ১৮ কোটি ৭০ লাখ পাউন্ড।*]

৪১. ঢাকা মেট্রোপলিটন এলাকার আয়তন প্রায়—
ক) ১০০ বর্গমাইল খ) ৯০ বর্গমাইল
গ) ১৬০ বর্গমাইল ঘ) ৮০ বর্গমাইল
[Note : *উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন-এর আয়তন যথাক্রমে ৮২.৬৪ বর্গ কিমি এবং ৪৭.২১ বর্গ কিমি। ঢাকা মেট্রোপলিটন সিটির আয়তন ১৫৩০ বর্গ কিমি।*]

৪২. একটি কাঁচা পাটের গাইটের ওজন—
ক) ৩.৫ মণ খ) ৪ মণ গ) ৪.৫ মণ ঘ) ৫ মণ

৪৩. গঙ্গা নদীর পানি প্রবাহ বৃদ্ধির জন্য বাংলাদেশের প্রস্তাব—
ক) নেপালে জলাধার নির্মাণ
খ) গঙ্গা-ব্রহ্মপুত্রের মধ্যে সংযোগ খাল খনন
গ) বাংলাদেশের অভ্যন্তরে গঙ্গা বাঁধ নির্মাণ
ঘ) গঙ্গার শাখা নদীসমূহের পানি প্রবাহ বৃদ্ধি

৪৪. ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের অন্যতম প্রধান লক্ষ্য—
ক) দু'দেশের নদীগুলোর নাব্যতা বৃদ্ধি
খ) দু'দেশের নদীগুলোর পলিমাটি অপসারণ
গ) বন্যা নিয়ন্ত্রণে দু দেশের মধ্যে সহযোগিতা
ঘ) দু'দেশের নৌ-পরিবহন ব্যবস্থার উন্নয়ন

৪৫. স্বাধীন বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলিত হয়েছিল ১৯৭১ সালের—
ক) ২ মার্চ খ) ২৩ মার্চ
গ) ১০ মার্চ ঘ) ২৫ মার্চ

৪৬. 'গম্ভীরা' বাংলাদেশের কোন অঞ্চলের লোকসঙ্গীত?
ক) পার্বত্য চট্টগ্রাম খ) সিলেট
গ) রাজশাহী ঘ) রংপুর

৪৭. ঢাকার বিখ্যাত তারা মসজিদ তৈরি করেছিলেন—
ক) শায়েস্তা খান খ) নবাব সলিমুল্লাহ
গ) মির্জা আহমেদ জান ঘ) মির্জা গোলাম পীর
[Note : *মসজিদটি নির্মাণ করেন মির্জা গোলাম পীর। পরবর্তীতে ১৯২৬ সালে আলীজান বেপারী নামক একজন ব্যবসায়ী মসজিদটির সংস্কার করেন।*]

৪৮. কোন শাসকের সময় থেকে সমগ্র বাংলা ভাষাভাষী অঞ্চল পরিচিত হয়ে ওঠে বাঙ্গালাহ নামে?
ক) ফখরুউদ্দিন মোবারক শাহ খ) শামসুদ্দিন ইলিয়াস শাহ
গ) জালালুদ্দিন মুহাম্মদ আকবর ঘ) ঈসা খান

৪৯. বাংলাদেশের উন্নতমানের কয়লার সন্ধান পাওয়া গেছে—
ক) জামালগঞ্জে খ) জকিগঞ্জে
গ) বিজয়পুরে ঘ) রানীগঞ্জে

৫০. বাংলাদেশের চীনামাটির সন্ধান পাওয়া গেছে—
ক) রানীগঞ্জে খ) বিজয়পুরে
গ) টেকেরহাটে ঘ) বাগালীবাজারে

৫১. "এখানে যারা প্রাণ দিয়েছে রমনার উর্ধ্বমুখী কৃষ্ণচূড়ার নীচে সেখানে আমি কাঁদতে আসিনি" এর রচয়িতা—
ক) জহির রায়হান খ) গাফ্ফার চৌধুরী
গ) শামসুর রাহমান ঘ) মাহবুব-উল-আলম চৌধুরী

৫২. মহাস্থানগড় এক সময় বাংলার রাজধানী ছিল, তখন তার নাম ছিল—
ক) মহাস্থান খ) কর্ণসুবর্ণ
গ) পুণ্ড্রনগর ঘ) রামাবতী

৫৩. শহরের রাস্তায় ট্রাফিক লাইট যে ক্রম অনুসারে জ্বলে তা হলো—
ক) লাল-সবুজ-হলুদ-লাল -সবুজ খ) লাল-হলুদ-সবুজ-লাল-হলুদ
গ) লাল-হলুদ-সবুজ-হলুদ-লাল ঘ) লাল-হলুদ-লাল-সবুজ-হলুদ

৫৪. বিখ্যাত সাধক শাহ সুলতান বলখির মাজার অবস্থিত—
ক) মহাস্থানে খ) শাহজাদপুরে
গ) নেত্রকোণায় ঘ) রামপালে

উত্তর

| | |
|---|---|
| ২৭ | খ |
| ২৮ | খ |
| ২৯ | খ |
| ৩০ | গ |
| ৩১ | ঘ |
| ৩২ | খ |
| ৩৩ | ঘ |
| ৩৪ | গ |
| ৩৫ | খ |
| ৩৬ | গ |
| ৩৭ | গ |
| ৩৮ | ঘ |
| ৩৯ | Note |
| ৪০ | ঘ |
| ৪১ | Note |
| ৪২ | ক |
| ৪৩ | ক |
| ৪৪ | ক |
| ৪৫ | ক |
| ৪৬ | গ |
| ৪৭ | ঘ |
| ৪৮ | খ |
| ৪৯ | ক |
| ৫০ | খ |
| ৫১ | ঘ |
| ৫২ | গ |
| ৫৩ | গ |
| ৫৪ | ক |

৫৫. জাপান পার্ল হারবার আক্রমণ করে–
ⓚ ৭ ডিসেম্বর ১৯৪১ ⓚ ২৩ জুন ১৪৪২
ⓖ ৩ নভেম্বর ১৯৪২ ⓖ ২৬ জুলাই ১৯৪৩

৫৬. সৌদি আরবে আমেরিকান সৈন্য মোতায়েনের উদ্দেশ্য–
ⓚ ইরাকের আক্রমণ হতে সৌদি আরবকে রক্ষা করা
ⓚ ইরাকের কুয়েত দখল অবসান করা
ⓖ স্বল্পমূল্যে জ্বালানি তেলের সরবরাহ নিশ্চিত করা
ⓖ উপরের সবকটি

৫৭. ১১তম এশিয়ান গেমসের উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান যে স্টেডিয়ামে অনুষ্ঠিত হয় তার নাম–
ⓚ পিকিং স্পোর্টস স্টেডিয়াম ⓚ বেইজিং স্পোর্টস স্টেডিয়াম
ⓖ ওয়ার্কার্স স্টেডিয়াম, বেইজিং ⓖ চায়না স্পোর্টস স্টেডিয়াম
[Note : *২০১৮ সালে ১৮তম এশিয়ান গেমস অনুষ্ঠিত হয় জাকার্তা (ইন্দোনেশিয়া) ।*]

৫৮. জাতিসংঘে রাষ্ট্রপতির ভাষণ অনুযায়ী বাংলাদেশে শিশুমৃত্যুর হার কমিয়ে আনা হয়েছে প্রতি হাজারে–
ⓚ ১৩৭ ⓚ ১২১ ⓖ ১১৭ ⓖ ১১০
[Note : *অর্থনৈতিক সমীক্ষা ২০১৮ অনুসারে বর্তমানে বাংলাদেশে শিশু মৃত্যুর হার (এক বছরের কমবয়সী প্রতি হাজার জীবিত জন্মে) ২৮ জন ।*]

৫৯. শাত-ইল-আরবকে কেন্দ্র করে ইরাক ও ইরানের মধ্যে স্বাক্ষরিত চুক্তির নাম–
ⓚ দামেস্ক চুক্তি ⓚ আলজিয়ার্স চুক্তি
ⓖ কায়রো চুক্তি ⓖ বৈরুত চুক্তি

৬০. '৫০০ দিনের প্ল্যান' বলতে বোঝায় যে এ সময়ের মধ্যে–
ⓚ 'ওয়ারশ' জোট ভেঙ্গে দেয়ার প্রকল্প সম্পন্ন করা
ⓚ রুমানিয়াতে গণতান্ত্রিক প্রথা প্রচলন সম্পন্ন করা
ⓖ সোভিয়েত ইউনিয়নে প্রস্তাবিত বাজার অর্থনীতি প্রচলন সম্পন্ন করা
ⓖ পূর্ব জার্মানি হতে সোভিয়েত সৈন্য প্রত্যাহার সম্পন্ন করা

৬১. জেমস গ্রান্টের মতে প্রতিরোধযোগ্য পীড়ায় বিশ্বে প্রতিদিন শিশু মৃত্যুর সংখ্যা–
ⓚ ৪,০০,০০০ ⓚ ৪০,০০০
ⓖ ৪৪,০০০ ⓖ ৫৪,০০০

৬২. হাজার হ্রদের দেশ কোনটি?
ⓚ নরওয়ে ⓚ ফিনল্যান্ড
ⓖ ইন্দোনেশিয়া ⓖ জাপান

৬৩. পারস্য উপসাগরের আঞ্চলিক জোটের নাম–
ⓚ ওএইউ ⓚ আরব লীগ ⓖ জিসিসি ⓖ ওএএস

৬৪. বাস্তিল দুর্গের পতন ঘটেছিল–
ⓚ ১৪ জুলাই ১৭৮৯ ⓚ ৭ জুন ১৭৮৮
ⓖ ৫ অক্টোবর ১৭৮৮ ⓖ ২৬ আগস্ট ১৭৮৮

৬৫. কঙ্গো প্রজাতন্ত্রের বর্তমান নাম–
ⓚ লিওপোল্ডভিল ⓚ জিম্বাবুয়ে
ⓖ জিবুতি ⓖ জায়ারে
[Note : *গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্রের নাম পরিবর্তন করে জায়ারে নামকরণ করেন প্রেসিডেন্ট মবুতু। পরবর্তীতে লরা কাবিলা প্রেসিডেন্ট নির্বাচিত হলে ১৭ মে ১৯৯৭ দেশের আগের নাম কঙ্গো প্রজাতন্ত্র বহাল রাখেন ।*]

৬৬. 'ট্রাফালগার স্কোয়ার' কোন শহরে অবস্থিত?
ⓚ ওয়াশিংটন ⓚ প্যারিস ⓖ মস্কো ⓖ লন্ডন

৬৭. মিশর সুয়েজ খাল জাতীয়করণ করেছিল–
ⓚ ১৯৫৬ সালে ⓚ ১৯৫৫ সালে
ⓖ ১৯৫৪ সালে ⓖ ১৯৫৩ সালে

৬৮. শহরের রাস্তায় ট্রাফিক পুলিশ সাধারণত সাদা ছাতা ও সাদা জামা ব্যবহার করে থাকে কারণ—
ⓚ সরকারি নির্দেশ ⓚ দূর থেকে চোখে পড়বে বলে
ⓖ তাপ বিকিরণ থেকে বাঁচার জন্য ⓖ দেখতে সুন্দর লাগে

৬৯. ABD বৃত্তে AB এবং CD দুটি সমান জ্যা পরস্পর P বিন্দুতে ছেদ করলে কোনটি সত্য?
ⓚ PC = PD ⓚ PA = PB ⓖ PB = PA ⓖ PB = PD

৭০. P-এর মান কত হলে $4x^2 - Px + 9$ একটি পূর্ণ বর্গ হবে?
ⓚ 10 ⓚ 9 ⓖ 16 ⓖ 12

৭১. নিচের কোন সংখ্যাটি $\sqrt{2}$ এবং $\sqrt{3}$ এর মধ্যবর্তী মূলদ সংখ্যা?
ⓚ $\frac{\sqrt{2}+\sqrt{3}}{2}$ ⓚ $\frac{\sqrt{2}.\sqrt{3}}{2}$
ⓖ 1.5 ⓖ 1.8

৭২. $x^2 - 8x - 8y + 16 + y^2$-এর সঙ্গে কত যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ হবে?
ⓚ $-2xy$ ⓚ $8xy$ ⓖ $6xy$ ⓖ $2xy$

৭৩. $2x^2 - x - 15$ এর উৎপাদক হবে–
ⓚ $(x+6)(x-5)$ ⓚ $(x-5)(x-6)$
ⓖ $(x+3)(2x-5)$ ⓖ $(2x+5)(x-3)$

৭৪. চারটি সমান বাহু দ্বারা সীমাবদ্ধ একটি ক্ষেত্র যার একটি কোণও সমকোণ নয়, এরূপ চিত্রকে বলা হয় —
ⓚ বর্গক্ষেত্র ⓚ চতুর্ভুজ
ⓖ রম্বস ⓖ সামান্তরিক

৭৫. $a^4 + 4$ এর উৎপাদক কি কি?
ⓚ $(a^2+2a+2)(a^2-2a-2)$ ⓚ $(a^2+2a+2)(a^2-2a+2)$
ⓖ $(a^2-2a+2)(a^2+2a-2)$ ⓖ $(a^2-2a-2)(a^2-2a+2)$

৭৬. একটি সমবাহু ত্রিভুজের একটি বাহু ১৬ মিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল কত?
ⓚ ৬৪$\sqrt{৩}$ বর্গমিটার ⓚ ১৯২ বর্গমিটার
ⓖ ৬৪ বর্গমিটার ⓖ ৩২$\sqrt{৩}$ বর্গমিটার

৭৭. চিনির মূল্য ২৫% বৃদ্ধি পাওয়াতে একটি পরিবার চিনি খাওয়া এমনিভাবে কমালো যে চিনি বাবদ ব্যয় বৃদ্ধি পেল না। ঐ পরিবার চিনি খাওয়া বাবদ শতকরা কত কমালো?
ⓚ ২২% ⓚ ২৫%
ⓖ ২০% ⓖ ৩০%

৭৮. বার্ষিক পরীক্ষায় একটি ছাত্র ক সংখ্যক প্রশ্নের প্রথম ২০টির মধ্যে ১৫টি নির্ভুল উত্তর দিল। বাকি যা প্রশ্ন রইল তার $\frac{১}{৩}$ অংশে সে নির্ভুল উত্তর দিল। সমস্ত প্রশ্নের মান সমান। যদি ছাত্রটি শতকরা ৭৫ ভাগ নম্বর পায় তবে প্রশ্নের সংখ্যা কত ছিল?
ⓚ ১৫টি ⓚ ২০টি ⓖ ২৫টি ⓖ ১৮টি

৭৯. নৌকা ও স্রোতের বেগ ঘণ্টায় যথাক্রমে ১০ ও ৫ কিমি। নদী পথে ৪৫ কিমি দীর্ঘ পথ একবার অতিক্রম করে ফিরে আসতে কত ঘণ্টা সময় লাগবে?
ⓚ ৯ ঘণ্টা ⓚ ১২ ঘণ্টা ⓖ ১০ ঘণ্টা ⓖ ১৮ ঘণ্টা

**উত্তর**

| | |
|---|---|
| ৫৫ | ক |
| ৫৬ | ঘ |
| ৫৭ | গ |
| ৫৮ | Note |
| ৫৯ | খ |
| ৬০ | গ |
| ৬১ | খ |
| ৬২ | খ |
| ৬৩ | গ |
| ৬৪ | ক |
| ৬৫ | Note |
| ৬৬ | ঘ |
| ৬৭ | ক |
| ৬৮ | গ |
| ৬৯ | ঘ |
| ৭০ | ঘ |
| ৭১ | গ |
| ৭২ | ঘ |
| ৭৩ | ঘ |
| ৭৪ | গ |
| ৭৫ | খ |
| ৭৬ | ক |
| ৭৭ | গ |
| ৭৮ | খ |
| ৭৯ | খ |

৮০. ৮, ১১, ১৭, ২৯, ৫৩ —। পরবর্তী সংখ্যাটি কত?
ⓚ ১০১ ⓛ ১০২
ⓖ ৭৫ ⓖ ৫৯

৮১. ২০৫৭৩.৪ মিলিগ্রামে কত কিলোগ্রাম?
ⓚ ২.০৫৭৩৪ ⓛ ০.২০৫৭৩৪
ⓖ ০.০২০৫৭৩৪ ⓖ ২০.৫৭৩৪০

৮২. একটি স্কুলে ছাত্রদের ড্রিল করার সময় ৮, ১০ এবং ১২ সারিতে সাজানো যায়। আবার বর্গাকারেও সাজানো যায়। ঐ স্কুলে কমপক্ষে কতজন ছাত্র আছে?
ⓚ ৩৬০০ ⓛ ২৪০০
ⓖ ১২০০ ⓖ ৩০০০

৮৩. ৫ ঃ ১৮, ৭ ঃ ২ এবং ৩ ঃ ৬ এর মিশ্র অনুপাত কত?
ⓚ ৭২ ঃ ১০৫ ⓛ ৭২ ঃ ৩৫
ⓖ ৩৫ ঃ ৭২ ⓖ ১০৫ ঃ ৭২

৮৪. সুষম বহুভুজের একটি অন্তঃকোণের পরিমাণ ১৩৫° হলে এর বাহুর সংখ্যা কত?
ⓚ ৪ ⓛ ৭
ⓖ ৯ ⓖ ৬
[Note : *সঠিক উত্তর হবে ৮*]

৮৫. অধিকাংশ ফটোকপি মেশিন কাজ করে—
ⓚ অফসেট মুদ্রণ পদ্ধতিতে
ⓛ পোলারয়েড ফটোগ্রাফি পদ্ধতিতে
ⓖ ডিজিট্যাল ইমেজিং পদ্ধতিতে
ⓖ স্থির বৈদ্যুতিক ইমেজিং পদ্ধতিতে

৮৬. কোনো বস্তুকে পানিতে সম্পূর্ণভাবে ডুবালে পানিতে যেখানে এটা রাখা যায় সেখানেই এটা থাকে কারণ—
ⓚ বস্তুর ঘনত্ব পানির ঘনত্বের চেয়ে বেশি
ⓛ বস্তুর ঘনত্ব পানির ঘনত্বের চেয়ে কম
ⓖ বস্তুর ঘনত্ব পানির ঘনত্বের সমান
ⓖ বস্তু ও পানির ঘনত্বের মধ্যে নিবিড় সম্পর্ক বিদ্যমান

৮৭. আকাশে বিজলী চমকায়—
ⓚ দুই খণ্ড মেঘ পরস্পর সংঘর্ষে এলে
ⓛ মেঘের অসংখ্য পানি ও বরফ কণার মধ্যে চার্জ সঞ্চিত হলে
ⓖ মেঘে বিদ্যুৎ পরিবাহী কোষ তৈরি হলে
ⓖ মেঘ বিদ্যুৎ পরিবাহী অবস্থায় এলে

৮৮. যে সর্বোচ্চ শ্রুতি সীমার উপরে মানুষ বধির হতে পারে তা হচ্ছে—
ⓚ ৭৫ ডিবি ⓛ ৯০ ডিবি
ⓖ ১০৫ ডিবি ⓖ ১২০ ডিবি

৮৯. পানিতে নৌকার বৈঠা বাঁকা দেখা যাওয়ার কারণ, আলোর—
ⓚ পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ⓛ প্রতিসরণ
ⓖ বিচ্ছুরণ ⓖ পোলারায়ন

৯০. রান্না করার হাড়ি পাতিল সাধারণত এলুমিনিয়ামের তৈরি হয়। এর প্রধান কারণ—
ⓚ এটি হালকা ও দামে সস্তা ⓛ এটি সব দেশেই পাওয়া যায়
ⓖ এতে দ্রুত তাপ সঞ্চারিত হয়ে খাদ্যদ্রব্য তাড়াতাড়ি সিদ্ধ হয়
ⓖ এটি সহজে ভেঙ্গে যায় না এবং বেশি গরম সহ্য করতে পারে

৯১. গ্রিন-হাউজ ইফেক্ট বলতে বুঝায়—
ⓚ সূর্যালোকের অভাবে সালোক সংশ্লেষণে ঘাটতি
ⓛ তাপ আটকে পড়ে সার্বিক তাপমাত্রা বৃদ্ধি
ⓖ প্রাকৃতিক চাষের বদলে ক্রমবর্ধমানভাবে কৃত্রিম চাষের প্রয়োজনীয়তা
ⓖ উপগ্রহের সাহায্যে দূর থেকে ভূমণ্ডলের অবলোকন

৯২. রিমোট সেন্সিং বা দূর অনুধাবন বলতে বিশেষভাবে বুঝায়-
ⓚ রেডিও ট্রান্সমিটার সহযোগে দূর থেকে তথ্য সংগ্রহ
ⓛ রাডারের সাহায্যে চারদিকের পরিবেশের অবলোকন
ⓖ কোয়াসার প্রভৃতি মহাজাতিক উৎস থেকে সংকেত অনুধাবন
ⓖ উপগ্রহের সাহায্যে দূর থেকে ভূমণ্ডলের অবলোকন

৯৩. পালতোলা নৌকা সম্পূর্ণ অন্য দিকের বাতাসকেও এর সম্মুখ গতিতে ব্যবহার করতে পারে। কারণ—
ⓚ ক্রিয়ার বদলে প্রতিক্রিয়াটি ব্যবহৃত হয়
ⓛ সম্মুখ অভিমুখে বলের উপাংশটিকে কার্যকর রাখা হয়
ⓖ পালের দাড়িতে টানের নিয়ন্ত্রণ বিশেষ দিকে বাতাসকে কার্যকর করে
ⓖ পালের আকৃতিকে সুকৌশলে ব্যবহার করা যায়

৯৪. সাধারণ স্টোরেজ ব্যাটারিতে সিসার ইলেকট্রোডের সঙ্গে যে তরলটি ব্যবহৃত হয় তা হলো—
ⓚ নাইট্রিক এসিড ⓛ সালফিউরিক এসিড
ⓖ এমোনিয়াম ক্লোরাইড ⓖ হাইড্রোক্লোরিক এসিড

৯৫. ফুলানো বেলুনের মুখ ছেড়ে দিলে বাতাস বেরিয়ে যাবার সঙ্গে বেলুনটি ছুটে যায়। কোন ইঞ্জিনের নীতির সঙ্গে এর মিল আছে?
ⓚ বাষ্পীয় ইঞ্জিন ⓛ অন্তর্দহন ইঞ্জিন
ⓖ স্টারলিং ইঞ্জিন ⓖ রকেট ইঞ্জিন

৯৬. ফিউশন প্রক্রিয়ায় —
ⓚ একটি পরমাণু ভেঙ্গে প্রচণ্ড শক্তি সৃষ্টি করে
ⓛ একাধিক পরমাণু যুক্ত হয়ে নতুন পরমাণু গঠন করে
ⓖ ভারী পরমাণু ভেঙ্গে দুটি পরমাণু গঠিত হয়
ⓖ একটি পরমাণু ভেঙ্গে দুটি পরমাণু সৃষ্টি হয়

৯৭. প্রবল জোয়ারের কারণ, এ সময়—
ⓚ সূর্য ও চন্দ্র পৃথিবীর সঙ্গে সমকোণ করে থাকে
ⓛ চন্দ্র পৃথিবীর সবচেয়ে কাছে থাকে
ⓖ পৃথিবী সূর্যের সবচেয়ে কাছে থাকে
ⓖ সূর্য, চন্দ্র ও পৃথিবী এক সরল রেখায় থাকে

৯৮. নিচের কোন উক্তিটি সঠিক?
ⓚ বায়ু একটি যৌগিক পদার্থ ⓛ বায়ু একটি মৌলিক পদার্থ
ⓖ বায়ু একটি মিশ্র পদার্থ
ⓖ বায়ু বলতে অক্সিজেন ও নাইট্রোজেনকেই বুঝায়

৯৯. ভৌগোলিকভাবে গুরুত্বপূর্ণ একটি কাল্পনিক রেখা বাংলাদেশের উপর দিয়ে গিয়েছে, সেটি হচ্ছে—
ⓚ মূল মধ্যরেখা ⓛ কর্কট ক্রান্তি রেখা
ⓖ মকর ক্রান্তি রেখা ⓖ আন্তর্জাতিক তারিখ রেখা

১০০. যে বায়ু সর্বদাই উচ্চচাপ অঞ্চল থেকে নিম্নচাপ অঞ্চলের দিকে প্রবাহিত হয় তাকে বলা হয়—
ⓚ আয়ন বায়ু ⓛ প্রত্যয়ন বায়ু
ⓖ মৌসুমী বায়ু ⓖ নিয়ত বায়ু

উত্তর

| | |
|---|---|
| ৮০ | ক |
| ৮১ | গ |
| ৮২ | ক |
| ৮৩ | গ |
| ৮৪ | Note |
| ৮৫ | খ |
| ৮৬ | গ |
| ৮৭ | খ |
| ৮৮ | গ |
| ৮৯ | খ |
| ৯০ | গ |
| ৯১ | খ |
| ৯২ | ঘ |
| ৯৩ | খ |
| ৯৪ | খ |
| ৯৫ | ঘ |
| ৯৬ | খ |
| ৯৭ | ঘ |
| ৯৮ | গ |
| ৯৯ | খ |
| ১০০ | ঘ |